**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 17-09-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** **Compiling : NBR**
**DEO : KB** **NR : NBR**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষ্যে বিজেপি আজ সারা দেশে ‘সেবা পাখয়োরা’ বা ‘সেবা পক্ষ’ পালনের উদ্যোগ নিয়েছে।

২/ কলকাতা জোনের জিএসটি ট্রাইবুনাল ‘G-STAT বেঞ্চ’ আগামী অক্টোবর মাসে চালু হতে চলেছে।

৩/ স্কুল সার্ভিস কমিশনের শিক্ষাকর্মী নিয়োগের পরীক্ষার অনলাইন আবেদন জানানোর প্রক্রিয়া গতকাল শুরু হওয়ার কথা থাকলেও, তা’ না হওয়ায় ধোঁয়াশায় চাকরী প্রার্থীরা।

৪/ আজ বিশ্বকর্মা পুজো। রাজ্য জুড়ে কলকারখানা সহ নানা প্রতিষ্ঠানে যন্ত্র তথা শিল্পের দেবতার আরাধনা করা হচ্ছে। # পালিত হচ্ছে অরন্ধন’ও।

৫/ দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে বিজেপির বুথ সভাপতি রাজীব বিশ্বাস খুনের ঘটনায়, পুলিশ পলাতক অভিযুক্ত অমিত মন্ডলকে গ্রেপ্তার করেছে।

**********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষ্যে বিজেপি আজ সারা দেশে ‘সেবা পাখয়োরা’ বা ‘সেবা পক্ষ’ পালনের উদ্যোগ নিয়েছে। মহাত্মা গান্ধী এবং এবং লাল বাহাদুর শাস্ত্রীর জনমদিন দোসরা অক্টোবর পর্যন্ত এই কর্মসূচী চলবে। বিজেপি জানিয়েছে, প্রথমে গুজরাতের মুখ্যমন্ত্রী এবং পরে দেশের প্রধানমন্ত্রী হিসেবে জনসেবা এবং সমাজ সংস্কারের ক্ষেত্রে শ্রী মোদীর ভূমিকা অতুলনীয়।

এই উপলক্ষে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আজ বালুরঘাটে বিশেষ চাহিদা সম্পন্ন মানুষদের হাতে যান্ত্রিক সরঞ্জাম (মেকানিকাল ইকুইপমেন্ট) বিতরণ করবেন এবং বিকেলে ‘নরেন্দ্র কাপ ফুটবল টুর্নামেন্ট’ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। প্রধানমন্ত্রীর জন্মদিনে আজ তাঁকে শুভেচ্ছা’ও জানিয়েছেন শ্রী মজুমদার। এক্স হ্যান্ডেলের এক বার্তায় তিনি বলেন, দেশ মাতৃকার প্রতি শ্রী মোদীর অনন্য সমর্পণ, নিরলস পরিশ্রম এবং অটল দেশভক্তি, কোটি কোটি ভারতবাসীর হৃদয়ে অশেষ প্রেরণার উৎস।

দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য দুপুরে ভারতীয় জাদুঘরে প্রধানমন্ত্রীর জীবন নিয়ে এক চিত্র প্রদর্শনীর উদ্বোধন করবেন। এরপর কাঁচরাপাড়া রেল ময়দান এবং বনগাঁয় ‘নরেন্দ্র কাপ ফুটবল টুর্নামেন্টে’ যোগ দেবেন।

অন্যদিকে ‘সেবা পক্ষ’ পালনের অঙ্গ হিসেবে ২১ তারিখ সারা দেশের সঙ্গে এরাজ্যের কলকাতা ও শিলিগুড়িতে ‘নমো ম্যারাথন’-এর আয়োজন করা হয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মধ্যপ্রদেশে ‘সুস্থ নারী সশক্ত পরিবার’ এবং অষ্টম রাষ্ট্রীয় ‘পোষণ মাহ’-এর সূচনা করবেন।

*****************************

এক সাধারণ মানুষ থেকে বিশ্বের এক প্রভাবশালী রাজনৈতিক ব্যক্তিত্ব, দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উত্থান যাত্রা অসাধারণ এবং বিস্ময়কর। ভারতের প্রধানমন্ত্রী হিসেবে তাঁর নেতৃত্ব দান প্রশংসা কুড়িয়েছে ও কৌতূহলের সঞ্চার করেছে। কিন্তু এই সবের পেছনে আসলে কে রয়েছে? এবং ভারত ও বিশ্বে তার প্রভাব কতটা?

এই বিশেষ পর্বে আমরা এমন কয়েকজনের কথা তুলে ধরব যারা ব্যক্তি নরেন্দ্র মোদী এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিষয়ে তাঁদের মতামত ব্যক্ত করেছেন।

( ক্যাপসুল-সেবা পর্ব )

*****************************

‘সেবা পর্ব’ কর্মসূচির অধীনে আজ শুনবেন বিশেষ আলোচনা- ‘বিকশিত কৃষি বিকশিত ভারত’। বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় এর উপাচার্য ডক্টর অশোক কুমার পাত্রের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আলোচনাটি শোনা যাবে আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি ও DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*****************************

কলকাতা জোনের জিএসটি ট্রাইবুনাল GSTAT বেঞ্চ আগামী অক্টোবর মাসে চালু হতে চলেছে। আলিপুরে এই আপিল ট্রাইব্যুনালে দুটি বেঞ্চ থাকবে বলে জানিয়েছেন কলকাতা জোন জিএসটি পরিষদের মুখ্য চেয়ারম্যান শ্রবণ কুমার। দুটি বেঞ্চের মধ্যে একটি পশ্চিমবঙ্গের জন্য এবং অপরটি সিকিম ও আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জের জন্য তৈরি হবে। চলতি মাসের তিরিশে তারিখ থেকে ট্রাইবুনাল পোর্টালে রেজিস্ট্রেশন প্রক্রিয়া শুরু হবে।

উল্লেখ্য, ৭৩ টি অনুমোদিত বেঞ্চের মধ্যে সারাদেশে এখনও পর্যন্ত ২৮ টি G-STAT বেঞ্চ কার্যকর রয়েছে।

*****************************

জিএসটি কমিশনের ৫৬-তম বৈঠকের পর পণ্য পরিষেবা কর কাঠামোয় যে পরিবর্তন হয়েছে তার ফলে উপভোক্তা অর্থাৎ সাধারণ মানুষ লাভবান হবেন বলে সংশ্লিষ্ট মহলের বিশ্লেষণ।

একটি প্রতিবেদন – ( ক্যাপসুল- কাশফিন )

****************************

স্কুল সার্ভিস কমিশনের শিক্ষাকর্মী নিয়োগের পরীক্ষার অনলাইন আবেদন জানানোর প্রক্রিয়া গতকাল থেকে শুরু হওয়ার কথা থাকলেও তা হয়নি। এ নিয়ে ধোঁয়াশায় রয়েছেন চাকরি হারানো যোগ্য শিক্ষাকর্মী এবং অন্যান্য চাকরি প্রার্থীরা। শিক্ষাকর্মী নিয়োগের জন্য গত ২৯ আগস্ট বিজ্ঞপ্তি জারি করে স্কুল সার্ভিস কমিশন জানিয়েছিল, ১৬ সেপ্টেম্বর বিকেল পাঁচটা থেকে ৩১ অক্টোবর বিকেল ৫ টা পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবেন প্রার্থীরা। আবেদনের ফি সহ বিস্তারিত তথ্য কমিশনের ওয়েবসাইটে ৩১ শে আগস্ট জানানো হবে বলে নির্ধারিত থাকলেও সেই বিজ্ঞপ্তি এখনো পর্যন্ত কমিশনে ওয়েবসাইটে দেওয়া হয়নি বলে চাকরিহারা শিক্ষাকর্মীরা জানিয়েছেন। এসএসসি কর্তৃপক্ষের তরফেও কিছু জানানো হয়নি বলে তাঁদের দাবি।

এদিকে, নবম-দশম শ্রেণির শিক্ষক নিয়োগের পরীক্ষার ‘মডেল উত্তরপত্র’ গতরাতে ওয়েবসাইটে প্রকাশ করেছে স্কুল সার্ভিস কমিশন। ২০ থেকে ২৫ তারিখ পর্যন্ত প্রশ্নোত্তর যাচাই করা ও আপত্তি জানানোর সুযোগ পাবেন পরীক্ষার্থীরা। এর জন্য পরীক্ষার্থীদের প্রশ্ন পিছু ১০০ টাকা করে দিতে হবে। বিশেষজ্ঞ কমিটির সুপারিশ অনুযায়ী, তাঁদের মতামত বা চ্যালেঞ্জ সঠিক হলে জমা করার টাকা ফেরত দিয়ে দেওয়া হবে পরীক্ষার্থীদের।

****************************

আজ বিশ্বকর্মা পুজো। রাজ্য জুড়ে কলকারখানা সহ নানা প্রতিষ্ঠানে যন্ত্র তথা শিল্পের দেবতা বিশ্বকর্মা পুজোর আয়োজন করা হয়েছে। পুরাণ মতে বিশ্বকর্মাকে স্থাপত্য ও শিল্পের সৃষ্টিকর্তা দেবতা হিসেবে বর্ণনা করা হয়েছে।

পুজো উপলক্ষে সকাল থেকেই চলছে আয়োজন। ভিড় বেড়েছে ফুল ও ফলের বাজারে। অফিস, কারখানা সহ বিভিন্ন জায়গার পুজো মণ্ডপগুলি আলোর মালায় সেজে উঠেছে।

ভাদ্র মাসের শেষ দিনে আজ বিশ্বকর্মা পুজোর পাশাপাশি বাংলার ঘরে ঘরে পালিত হচ্ছে 'অরন্ধন'। গতকাল এর অঙ্গ হিসেবে আয়োজন করা হয় রান্না পুজোর। মূলতঃ মা মনসাকে উৎসর্গ করে সংক্রান্তির আগের দিন রাতভ'র চলে বিভিন্ন পদের আমিষ-নিরামিষ রান্না।

এদিকে, বিশ্বকর্মা পুজো উপলক্ষ্যে সকাল থেকেই আকাশে ঘুড়ির মেলা। কচিকাঁচাদের পাশাপাশি বড়রা'ও ঘুড়ি উড়ানোর আনন্দে সামিল হন।

বাংলার শিল্পাঞ্চল হিসেবে খ্যাত নদীয়ার কল্যাণী, পশ্চিম বর্ধমানের দুর্গাপুর, আসানসোল সহ বিভিন্ন জায়গায় পুজোর উন্মাদনা তুঙ্গে।

আকাশবাণী কলকাতার বিভিন্ন বিভাগের উদ্যোগেও চলছে পুজার্চনা।

রাজ্য সরকার, বিশ্বকর্মা পুজো উপলক্ষে এবার ছুটি ঘোষণা করেছে।

****************************

দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে বিজেপির বুথ সভাপতি রাজীব বিশ্বাস খুনের ঘটনায় পুলিশ পলাতক অভিযুক্ত অমিত মন্ডলকে গ্রেপ্তার করেছে। গত ৮'ই আগস্ট বারুইপুর ১৫ নম্বর ওয়ার্ডে প্রকাশ্যে মারধোর করে খুন করা হয় বলে অভিযোগ। ভাইরাল হ ওয়া এক ভিডিওতে বাঁশ দিয়ে রাজীব বিশ্বাসকে পেটাতে দেখা গিয়েছিল অমিতকে। এরপর থেকেই সে পলাতক ছিল। গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে মুম্বাই-এ তার শ্বশুরবাড়ি থেকে অমিতকে গ্রেপ্তার করেছে বারুইপুর থানার পুলিশ।

উল্লেখ্য, এর আগে হত্যায় মদত দেওয়ার অভিযোগে নিহত নেতার বাবা ও ভাইকে গ্রেপ্তার করেছিল পুলিশ।

***********************************************************************